

খালি ভাঁড় থাকবে রে পড়ে  
দিনে দিন কর্পূর যতো যাবে রে উড়ে ॥

অমূল্য কর্পূর যাহা  
ঢাকা দেওয়া আছে তাহা  
কেমনে প্রবেশে হাওয়া  
কর্পূরের ভাঁড়ে ॥

মন যদি গোলমরিচ হতো  
তবে কি আর কর্পূর যেতো  
তিলেকাদি না থাকিত  
সৎসঙ্গ ছেড়ে ॥

সে ধন রক্ষিবারে মন  
নিলে না গুরুর শরণ  
লালন বলে বেড়া' এখন  
আগাড় ভাগাড়ে ॥